

দৈনিক ইত্তেফাক

প্রতিষ্ঠাতা ওয়াহিদুল হোসেন দৈনিক মিতা

পিএসসিতে সাড়ে তিন মাসে ফল প্রকাশের চমক
মিডওয়াইফ পদে ৫৮৯ জনকে নিয়োগের সুপারিশ

   ইত্তেফাক রিপোর্ট  ১৪ মার্চ, ২০১৭ ইং ০০:০০ মিঃ

এবার মাত্র ৩ মাস ২০ দিনের মধ্যে দ্রুত সময়ের মধ্যে ফলাফল প্রকাশ করে চমক সৃষ্টি করলো সরকারি কর্ম কমিশন (পিএসসি)। গতকাল স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন 'মিডওয়াইফ' পদে ৫৮৯ জনকে নিয়োগের জন্য সুপারিশ করে সাংবিধানিক প্রতিষ্ঠানটি। এর আগে গত বছরের ৪ সেপ্টেম্বর মাত্র সাড়ে পাঁচমাসেই সিনিয়র স্টাফ নার্স নিয়োগের চূড়ান্ত ফল প্রকাশ করে পিএসসি।

স্বল্প সময়ে ফলাফল প্রকাশের বিষয়ে জানতে চাইলে পিএসসির চেয়ারম্যান ড. মোহাম্মদ সাদিক ইত্তেফাককে বলেন, নন-ক্যাডার ফলাফল প্রকাশের ক্ষেত্রে ডিজিটাল পদ্ধতি 'সার্চ ইঞ্জিন' ব্যবহার করে স্বল্প সময়ের মধ্যে ফলাফল প্রকাশের এ সফলতা পাওয়া গেছে। এর আগে এতো অল্প সময়ে কোনো পরীক্ষার ফলাফল প্রকাশ করা সম্ভব হয়নি।

গতকাল পিএসসির এক বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, 'স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন নার্সিং ও মিডওয়াফারি অধিদপ্তরের 'মিডওয়াইফ' ৬০০ টি পদের মধ্যে ৫৮৯টি পদে নিয়োগের জন্য পিএসসি সাময়িক সুপারিশ করেছে। লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ কিন্তু তথ্য বিভ্রাটের কারণে ১১ জন প্রার্থীর সুপারিশ স্থগিত রাখা হয়েছে। কমিশন কর্তৃক গঠিত কমিটির কাছে সংশ্লিষ্ট সনদ/তথ্য/ডকুমেন্টস উপস্থাপনের প্রার্থীদের যথাসময়ে নির্দেশনা প্রদান করা হবে। 'মিডওয়াইফ' পদের ফলাফল পিএসসির ওয়েবসাইটে পাওয়া যাচ্ছে।

গত ২৫ ফেব্রুয়ারি মিডওয়াফ পদে এমসিকিউ টাইপের লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হয়। প্রায় ৩ হাজার পরীক্ষার্থী এই পদের নিয়োগ পরীক্ষায় অংশ নেন। ২৬ ফেব্রুয়ারি লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশ করে কমিশন। এই পরীক্ষায় ৬৩৬ জন উত্তীর্ণ হন। গত ৮ ও ৯ মার্চ মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হয়।

পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার) শেখ শাখাওয়াত হোসেন ইত্তেফাককে বলেন, প্রযুক্তির কল্যাণে আমরা স্বল্প সময়ের মধ্যে এই ফলাফল প্রকাশ করতে পেরেছি।

ভারপ্রাপ্ত সম্পাদক: তাসমিমা হোসেন।

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

© প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত